

# ব্যাপক উত্তেজনার মধ্যে চট্টগ্রাম ভাসিটির সিনেট অধিবেশন শুরু

২৬

৩৭

(চট্টগ্রাম অফিস)  
সকাল হইতে ব্যাপক উত্তে-  
জনা, অবরোধ, পাল্টা অবরোধ,  
কয়েক রাউণ্ড ফাঁকা গুলী, শ্রোগান,

পাল্টা শ্রোগানের এক অস্বস্তিকর  
পরিস্থিতির মধ্যে নির্দিষ্ট সময়ের  
প্রায় নয়-ঘন্টা পর গতকাল সন্ধ্যায়  
ভিসির বাসভবনে চট্টগ্রাম বিশ্ব-

বিদ্যালয়ের ৯ম সিনেট অধিবেশন  
শুরু হয়। রাত ১০টায় এই রিপোর্ট  
লেখা পর্যন্ত অধিবেশন চলিতেছিল।  
গতকাল (রবিবার) বিশ্ববিদ্যা-  
লয়ের সিনেট অধিবেশন আত্মা-  
নের প্রতিবাদে ইসলামী ছাত্র-  
(৭ম পৃ: ১-এর ক: দ:)

## সিনেট অধিবেশন শুরু (১ম পৃ: পর)

শিবির সমন্বিত সংগ্রামী ছাত্র-  
ত্রৈক্য বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস  
এবং নাজিরহাট-রাঙ্গামাটি সড়কে  
সকাল-সন্ধ্যা হরতাল আত্মান করে।  
শিক্ষকদের একাংশও ভিসি কর্তৃক  
সিনেট অধিবেশনকে অগণতান্ত্রিক  
বালিয়া অধিবেশন ঠেকানোর কর্ম-  
সূচী গ্রহণ করে। অপরদিকে চাকসু  
সর্বদলীয় ছাত্রত্রৈক্য সংগ্রামী ছাত্র-  
ত্রৈক্যের হরতালের প্রতিবাদে পাল্টা  
কর্মসূচী গ্রহণ করে। শিক্ষকদের  
অপর অংশ এবং ভিসি সিনেট  
অধিবেশন করার জন্য অটল থাকেনা

গতকাল (রবিবার) ভোর ৫টায়  
শিবির ক্যাম্পাসে অবস্থান গ্রহণ  
করে। শিবিরের প্রায় ১৫০ জন  
ছাত্র ভিসির বাসভবন, প্রশাসনিক  
ভবন, বিশ্ববিদ্যালয়ের ১নং ফটকে  
অবস্থান গ্রহণ করে। প্রতিটি  
স্থানে শিবির কর্মী এবং পুলিশ,  
বিডিআর পাশাপাশি অবস্থান  
করে।

অপরদিকে সিনেট অধিবেশনে  
যোগদানেচ্ছু সিনেট সদস্যরা গত  
শনিবার মধ্য রাতেই বিশ্ববিদ্যালয়ের  
ক্যাম্পাসে প্রবেশ করে। সকাল হইতে  
ভিসিকে শিবির কর্মীরা বাসভবনে  
অবরুদ্ধ করিয়া রাখে। ক্যাম্পাসে  
বিভিন্ন স্থানে অবস্থানকারী সিনেট  
সদস্যদেরকেও অবস্থান পরিবর্তন  
করিতে দেওয়া হয় নাই। ভিসি'র  
বাস ভবনের দুইটি আভ্যন্তরীণ  
টেলিফোন লাইন বিকল করিয়া  
দেওয়া হয়।

সংগ্রামী ছাত্র ত্রৈক্যের হরতা-  
লের কর্মসূচী থাকা সত্ত্বেও নাজির-  
হাট-রাঙ্গামাটি সড়কে সকল যান-  
বাহন চলাচল করিতে দেখা যায়।  
হরতালের সমর্থনে রাস্তায় কোন  
পিকেটার ছিল না। বেলা ১টার  
সময় চাকসু ও সর্ব দলীয় ছাত্র  
ত্রৈক্যের একটি মিছিল বিশ্ববিদ্যা-  
লয়ের মূল ১ নম্বর ফটক দিয়া  
ক্যাম্পাসে প্রবেশ করার চেষ্টা  
করিলে পুলিশ ও বিডিআর বাধা-  
দান করে। সেই সময় ফটকের  
ভিতরে শিবির এবং বাহিরে চাকসু  
ও সর্বদলীয় ছাত্র ত্রৈক্যের  
কর্মীরা শ্রোগান পাল্টা শ্রোগান  
দিতে থাকে। পরবর্তী মুহূর্তে  
চাকসু ভিপি নাজিমউদ্দিন ও সর্ব-  
দলীয় ছাত্রত্রৈক্য নেতৃবৃন্দ এবং  
পুলিশ ও উর্ধ্বতন প্রশাসনিক  
কর্মকর্তার মধ্যে আলোচনার পর  
পরিস্থিতি কিছুটা শান্ত হয়। বেলা  
৩টার সময় দক্ষিণ ক্যাম্পাসস্থ টিচার্স  
কোয়ার্টার সন্নিকটস্থ পাহাড় হইতে  
৪টি গুলীর আওয়াজ শোনা যায়।  
বিকাল ৫টা নাগাদ শিবির কর্মীরা  
বিশ্ববিদ্যালয়ের পিছন দিয়া  
নিবিড়কুঞ্জ অভিমুখী পাহাড়ী রাস্তা  
দিয়া ক্যাম্পাসে ভাগ করে।

সন্ধ্যা পৌনে ৭টা নাগাদ ভিসি'র  
সভাপতি ডে. ভিসি'র বাসভবনে  
সিনেট অধিবেশন শুরু হয়। ইতি-  
পূর্বে ভিসি অধ্যাপক আলমগীর  
মোহাম্মদ সিরাজ উদ্দিন তাঁর বাস-  
ভবনে সাংবাদিকদের প্রশ্নের উত্তর  
দিতে অপারগতা প্রকাশ করেন।  
তবে তিনি বলেন, ইতিপূর্বে দুইবার  
চিঠির মাধ্যমে পুলিশকে গতকালের  
সিনেট অধিবেশনের জন্য প্রশা-  
সনিক সাহায্য চাওয়া হয়। অবশ্য  
পুলিশ সত্বে উহা অস্বীকার করা  
হয়। প্রায় ৮৪ জন নির্বাচিত  
মনোনীত সিনেট সদস্যদের মধ্যে  
প্রায় ৪০ জন সদস্য সিনেট সভায়  
উপস্থিত ছিলেন বালিয়া বিশ্ব-  
বিদ্যালয় কৃত পক্ষ সূত্র জানায়।  
এই সংবাদ লেখা পর্যন্ত সিনেট  
অধিবেশন চলিতেছিল। ক্যাম্পাসে  
কড়া পুলিশ ও বিডিআর প্রহরা  
রহিয়াছে।